Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শার্শা, যশোর।
www.sarsha.jessore.gov.bd

মুজিব শতবর্ষ

## বাংলা ১৪৩০ সনের জন্য হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি (১ম, ২য়, ৩য় ও ৪র্থ বার)-০১/২০২২-২৩

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি হাট-বাজার ব্যবস্থাপনা নীতিমালা, ২০১১ অনুযায়ী শার্শা উপজেলা পরিষদের ব্যবস্থাপনাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩০ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে সম্পূর্ণ অস্থায়ীভাবে ইজারা প্রদান করা হবে। ইচ্ছুক দরদাতাগণ নির্ধারিত সিডিউল মূল্য (অফেরতযোগ্য) জেলা প্রশাসকের কার্যালয়, যশোর;উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শার্শা, সহকারী কমিশনার (ভূমি), শার্শা; অফিসার ইন চার্জ, শার্শা থানা, শার্শা; ও সোনালী ব্যাংক, শার্শা শাখা, শার্শা হতে নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন দরপত্র ক্রয় করা যাবে। দরপত্রে দাখিলের তারিখ অনুযায়ী বেলা ১০.০০টা হতে বেলা ০১-০০টা পর্যন্ত জেলা প্রশাসক, যশোর; সহকারী কমিশনার (ভূমি), শার্শা, অফিসার ইন চার্জ, শার্শা থানা, শার্শা ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং ঐদিনই বিকাল ৩-০০ টায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে উপস্থিত দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকে) রক্ষিত দরপত্র বাক্স খোলা হবে। ১ম পর্যায়ে যে হাট-বাজারের দাখিলকৃত দরপত্র অনুমোদিত হবে ২য় পর্যায়ে সেই হাট-বাজারের কোন সিডিউল বিক্রি করা হবে না। অর্থাৎ (পুনঃ দরপত্র অনুষ্ঠান) ঐ হাট-বাজারটির নাম বাদ হয়েছে বলে গণ্য হবে এবং অনুরুপভাবে ২য় থেকে ৪র্থ পর্যায় পর্যন্ত একইরুপে চলবে। অন্যান্য বিস্তারিত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।দরপত্র দাখিলের তারিখ কোন কারণে সরকারি ছুটি ঘোষিত হলে পরবর্তী কার্যদিবসে দরপত্র দাখিলের তারিখ হিসাবে গণ্য হবে। বিজ্ঞপ্তিটি www.sharsha.jessore.gov.bd ওয়েবসাইটে দেখা যাবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | দরপত্র দাখিলের তারিখ | | | | ১৪৩০ সনে ৬% বৃদ্ধিসহ দর | সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ১ম বার | ২য় বার | ৩য় বার | ৪র্থ বার | | |
| | | | ৪(ক) | ৪(খ) | ৪(গ) | ৪(ঘ) | ৫ | ৬ |
| ১ | ২ | ৩ | | | | | | |
| ১ | পাকশিয়া হাট | ডিহি ইউপি | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ৪৭,৯৩৭/- | ৫০০.০০ |
| ২ | সাড়াতলা হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ৭২,৪৩৩/- | ৫০০.০০ |
| ৩ | কাশিপুর হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ৬৬,৫৬১/- | ৫০০.০০ |
| ৪ | রঘুনাথপুর হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ৪৭২/- | ৫০০.০০ |
| ৫ | লক্ষণপুর হাট | লক্ষণপুর ইউপি | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ৮৪,০৯৩/- | ৫০০.০০ |
| ৬ | শিকারপুর হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ২,৩৫,২৪৯/- | ১২০০.০০ |
| ৭ | বাহাদুরপুর হাট | বাহাদুরপুর ইউপি | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ৩,৩৮,৬১৭/- | ১৪০০.০০ |
| ৮ | শাঁখারীপোতা হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ৭৭,৯১০/- | ৫০০.০০ |
| ৯ | স্বর্বাংহদা হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ৩,২৫১/- | ৫০০.০০ |
| ১০ | ধান্যখোলা হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ৫৮৭/- | ৫০০.০০ |
| ১১ | বারোপোতা হাট | পুটখালী ইউপি | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ১৯,০২৭/- | ৫০০.০০ |
| ১২ | বালুন্ডা হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ১,৫৬,২৪২/- | ১০০০.০০ |
| ১৩ | খলশী হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ১৩,৪১৫/- | ৫০০.০০ |
| ১৪ | গোগা হাট | গোগা ইউপি | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ৪,৫০,৫৫৬/- | ১৬০০.০০ |
| ১৫ | চালতিবাড়ীয়া হাট | কায়বা ইউপি | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ৩৬,৪০৪/- | ৫০০.০০ |
| ১৬ | রুদ্রপুর হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ৮,২৭৬/- | ৫০০.০০ |
| ১৭ | কায়বা হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ৭৯০/- | ৫০০.০০ |
| ১৮ | বাগআঁচড়া সাতমাইল পশু হাট | বাগআঁচড়া ইউপি | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ৬,৭১,০০,৯৩৩/ | ১৩৫০০০.০০ |
| ১৯. | বাগআঁচড়া সাধারণ হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ৫২,৯০,১১০/- | ১১২০০.০০ |
| ২০ | বসতপুর হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ৬২,৪৪৬/- | ৫০০.০০ |
| ২১ | টেংরা হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ৪৬,৬৪০/- | ৫০০.০০ |
| ২২ | সামটা হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ১৫,৯০৭/- | ৫০০.০০ |
| ২৩ | রামপুর হাট | উলাশী ইউপি | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ৩,৮৫৫/- | ৫০০.০০ |
| ২৪ | ধলদা হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ২,১৩৭/- | ৫০০.০০ |
| ২৫ | কন্যাদাহ হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ১,২৭৬/- | ৫০০.০০ |
| ২৬ | উলাশী হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ১৬,৬৯৫/- | ৫০০.০০ |
| ২৭ | যদুনাথপুর হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ৯৬৬/- | ৫০০.০০ |
| ২৮ | বড়বাড়ীয়া হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ৯৪৮/- | ৫০০.০০ |

CS CamScanner

মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ।

স্মারক সংখ্যা-০৫.৪৪.৪১৯০.০০১.২২.০০৬.২০২৩- ৫৫ তারিখ: ১৬ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি /অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

১। জনাব শেখ আফিল উদ্দিন, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৮৫-যশোর -১(শার্শা), যশোর।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৫। মহাপরিচালক, সিপিটিইউ ভবন, আইএমইডি ডিভিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে-এ-বাংলা নগর, ঢাকা-১২০৭ (বিজ্ঞপ্তিটি সিপিটিইউ এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৭। জেলা প্রশাসক, যশোর।
৮। পুলিশ সুপার, যশোর।
৯। উপ-পরিচালক, স্থানীয় সরকার, যশোর।
১০। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব), যশোর।
১১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শার্শা/ঝিকরগাছা/সদর/বাঘরপাড়া/অভয়নগর/মনিরামপুর/কেশবপুর/চৌগাছা, যশোর।
১২। উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা/সদর/বাঘরপাড়া/অভয়নগর/মনিরামপুর/কেশবপুর/চৌগাছা, যশোর।
১৩। প্রশাসক, বেনাপোল পৌরসভা, শার্শা, যশোর।
১৪। সহকারী কমিশনার (ভূমি), শার্শা, যশোর। (বিজ্ঞপ্তিটি ইউনিয়ন ভূমি সহকারীর মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১৫। অফিসার ইন-চার্জ, শার্শা থানা /বেনাপোল পোর্ট থানা, শার্শা, যশোর।
১৬। উপজেলা--------------------------------------------------------------কর্মকর্তা (সকল), শার্শা, যশোর।
১৭। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, শার্শা, যশোর।
১৮। পোস্ট মাষ্টার, শার্শা পোস্ট অফিস, শার্শা,যশোর।
১৯। চেয়ারম্যান, ডিহি, লক্ষনপুর, বাহাদুরপুর, বেনাপোল, পুটখালি, গোগা, কায়বা, উলাশী, বাগআচড়া, শার্শা ও নিজামপুর ইউপি, শার্শা, যশোর। (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
২০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা--------------------------------------------------------ইউনিয়ন ভূমি অফিস, শার্শা, যশোর। (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উক্ত ইউনিয়নের হাট-বাজারগুলি বাংলা ১৪৩০ সনের ৩০ চৈত্রের মধ্যে ইজারা প্রদান করা সম্ভব না হলে, বাংলা ১৪৩০ সনের ১ বৈশাখ হতে হাট-বাজারগুলি দখল বুঝে নিয়ে বিধি মোতাবেক খাস আদায় অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। ১৪৩০সনের ১ বৈশাখ হতে ইজারাদার কর্তৃক সম্পূর্ণ ইজারামূল্য ভ্যাট, আয়কর ও চুক্তিনামা দেখানোর পর হাটটি দখল বুঝিয়া দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
২১। সম্পাদক, দৈনিক,--------------------------, যশোর/ দৈনিক,-------------------------- ঢাকা-বিজ্ঞপ্তিটি ১দিনের জন্য ৩কলাম ১২ইঞ্চি পরিসরে ভিতরে পাতায় প্রচারের জন্য অনুরোধ করা হলো।
২২। সভাপতি/সম্পাদক, ----------------------------------------------------হাট-বাজার কমিটি, শার্শা, যশোর।
২৩। জনাব--------------------------------------------------------------------------------------প্রাক্তন ইজারাদার, শার্শা, যশোর।
২৪। অফিস কপি।

১৬/০১/২৩

(নারায়ন চন্দ্র পাল)
উপজেলা নির্বাহী অফিসার
শার্শা,যশোর।
ফোনঃ ০২৪৭৭-৭৬৭৪১
ই-মেইলঃ unosharsha@mopa.gov.bd

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২৯ | নাভারণ সাধারণ হাট | শার্শা ইউপি | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ১০,৫৫,৯৯১/- | ৪৮০০.০০ |
| ৩০ | নাভারন পশু হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ৯৬,৯৪৪/- | ৫০০.০০ |
| ৩১ | শার্শা হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ১,১১,০১৭/- | ১১০০.০০ |
| ৩২ | নিজামপুর হাট | নিজামপুর ইউপি | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ৮৪,৮৬১/- | ৫০০.০০ |
| ৩৩ | গোড়পাড়া হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ১,৫৯,০০০/- | ১০০০.০০ |
| ৩৪ | বাগাবাড়ী হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ৬,৫১৮/- | ৫০০.০০ |
| ৩৫ | একঝালা হাট | ঐ | ০৯-০২-২৩ | ২৮-০২-২৩ | ১৬-০৩-২৩ | ০৩-০৪-২৩ | ৫৯৪/- | ৫০০.০০ |

<u>শর্তাবলী</u>

১। বাংলা ১৪৩০সনের ১ বৈশাখ হতে ১৪৩০ সনের ৩০ চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০%(শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোর এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপান্তে অব্যবহৃত অর্থ জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় জমাকৃত ৩০% জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবে।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরুপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। ০২(দুই) বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদারকে নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।

১৩। ইজারাদারকে নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করতে হবে।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটা-কাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কোন হাটের বিপরীতে ০১(এক)টি দরপত্র দাখিল হলে দাখিলকৃত দর সরকারি ইজারামূল্যের চেয়ে বেশি হলে তা চূড়ান্ত মর্মে গৃহীত হবে।

১৯। সরকারি হাট-বাজার ইজারা সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে, তা সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা,২০১১ এর আলোকে সমাধান করা হবে।

২০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

২৬/০২/২০২৩

(নারায়ন চন্দ্র পাল)
উপজেলা নির্বাহী অফিসার
শার্শা,যশোর।
ফোনঃ ০২৪৭৭-৭৬৭৪১
ই-মেইলঃ unosharsha@mopa.gov.bd

CamScanner